দৈনিক
ইত্তেফাক

তারিখ: 16 JUN 2010
পৃষ্ঠা ... কলাম ...

জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষা

# স্কুলের অনুমোদন না থাকলেও পরীক্ষা দিতে পারবে শিক্ষার্থীরা

■ ইত্তেফাক রিপোর্ট

অনুমোদন ছাড়া শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থী পার্শ্ববর্তী অনুমোদিত বিদ্যালয় বা মাদ্রাসার মাধ্যমে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমান পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। গতকাল, মন্ত্রণালয়ের শিক্ষা সচিব সৈয়দ আতাউর রহমান স্বাক্ষরিত এক পরিপত্র জারি করা হয়।

পরিপত্রে বলা হয়, অষ্টম শ্রেণীর বার্ষিক পরীক্ষা ও জুনিয়র বৃত্তি পরীক্ষার পরিবর্তে জেএসসি বা সমমান পরীক্ষা অষ্টম শ্রেণীর শিক্ষার্থীদের জন্য বাধ্যতামূলক করা হয়েছে। দেশের বিভিন্ন অঞ্চলে শিক্ষা বোর্ডের অনুমোদন এখনো পায়নি এ রকম জুনিয়র স্কুল, কিন্ডারগার্টেন ও মাদ্রাসায় অষ্টম শ্রেণীতে অধ্যয়নরত শিক্ষার্থীদের জন্যও জেএসসি পরীক্ষায় অংশগ্রহণের বিষয়টি সমভাবে প্রযোজ্য।

অনুমোদন না পাওয়া এ সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীগণ পার্শ্ববর্তী বা নিকটতম অনুমোদিত নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসার মাধ্যমে এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

এজন্য অনুমোদন না পাওয়া শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ নিজ নিজ এলাকার শিক্ষা বোর্ড অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সাথে যোগাযোগ করবেন। অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের সাথে যোগাযোগ করে অনুমোদন না পাওয়া শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের পরীক্ষা গ্রহণের জন্য সকল ব্যবস্থা গ্রহণ করবেন।

জেএসসি বা সমমান পরীক্ষার জন্য শিক্ষার্থী প্রতি বোর্ড কর্তৃক নির্ধারিত ফি ১৫০ টাকা। তবে অনুমোদন ছাড়া শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষার্থীদেরকে কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে জেএসসি বা সমমান পরীক্ষায় অংশগ্রহণে করতে বোর্ড কর্তৃক নির্ধারিত উপরোক্ত টাকার অতিরিক্ত ৫০ টাকা হারে ফি প্রদান করতে হবে। এর অতিরিক্ত কোন ফি দিতে হবে না।